৬ দাবিতে নরসিংদী পলিটেকনিক একাডেমির শিক্ষার্থীদের ঢাকা- সিলেট মহাসড়ক অবরোধ

হলধর দাস, নরসিংদী প্রতিনিধি ॥ সারা বাংলাদেশের কারিগরি ছাত্র আন্দোলনের শিক্ষার্থীরা ছয় দফা দাবি আদায়ের লক্ষ্যে আন্দোলন করছে ।

এরই ধারাবাহিকতায় নরসিংদী’র সকল সরকারি-বেসরকারি পলিটেকনিক ইন্সটিটিউটের শিক্ষার্থীরা বুধবার (১৬ এপ্রিল) সকাল সাড়ে ১০টা থেকে সাহেপ্রতাপ এলাকায় ঢাকা-সিলেট মহাসড়ক অবরোধ করে রাখে।

এতে ঢাকা-সিলেট মহাসড়কের দুই দিকে প্রায় পাঁচ কিলোমিটার এলাকা জুড়ে যানজটের সৃষ্টি হয়। পরে নরসিংদীর জেলা প্রশাসক ও পুলিশ সুপারের আশ্বাসের ভিত্তিতে দুপুর সাড়ে ১২টার দিকে অবরোধ তুলে নেয় শিক্ষার্থীরা।
আমরা দীর্ঘদিন যাবৎ ছয় দফা দাবি জানিয়ে আসছি ।
দাবীসমূহ হলো:
জুনিয়র ইন্সট্রাক্টর পদে ক্রাফট ইন্সট্রাক্টরদের অবৈধ পদোন্নতির রায় হাইকোর্ট কতৃর্ক বাতিল।

ক্রাফট ইন্সট্রাক্টর পদবি পরিবতর্ন ও মামলার সাথে সংশ্লিষ্টদের স্থায়ীভাবে চাকরিচ্যুত করতে হবে।
২০২১ সালে রাতের আঁধারে নিয়োগপ্রাপ্ত ক্রাফট ইন্সট্রাক্টরদের নিয়োগ সম্পূর্ণভাবে বাতিল করতে হবে।

বিতর্কিত নিয়োগবিধি অবিলম্বে সংশোধন করতে হবে।

ডিপ্লোমা ইন-ইঞ্জিনিয়ারিং কোর্সে যে কোনো বয়সে ভর্তির সুযোগ বাতিল সহ উন্নত বিশ্বের আদলে চার বছর মেয়াদি মানসম্পন্ন কারিকুলাম নিশ্চিত করতে হবে।

একাডেমিক কার্যক্রম পরবর্তী প্রবিধান থেকে ক্রমে সম্পূর্ণ ইংরেজি মাধ্যমে চালু করতে হবে।

উপ-সহকারী প্রকৌশলী ও সমমান (১০ম গ্রেড) এর পদ চার বছর মেয়াদি ডিপ্লোমা ইন-ইঞ্জিনিয়ারিং ও মনোটেকনোলজি (সার্ভেয়িং) হতে

পাশকৃত শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত থাকা সত্ত্বেও, যেসব সরকারি, রাষ্ট্রায়ত্ত, স্বায়ত্তশাসিত ও স্বশাসিত প্রতিষ্ঠানে ডিপ্লোমা প্রকৌশলীদের নিম্নস্থ পদে নিয়োগ দেওয়া হচ্ছে, তাদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা গ্রহণসহ ৬ দফা দাবী জানানো হয়েছে।